মাদক সেবনের অভিযোগে রূপগঞ্জ স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিবের কারাদণ্ড



রূপগঞ্জ উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব আলী আহমেদ। ছবি: সংগৃহীত

মাদক সেবনের অভিযোগে নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব আলী আহমেদকে ১৫ দিনের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

বুধবার (৪ নভেম্বর) দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এস এম আব্দুল্লাহ বিন শফিকের নেতৃত্বে পরিচালিত ভ্রাম্যমাণ আদালত এ সাজা দেন। দণ্ডের পর তাঁকে নারায়ণগঞ্জ কারাগারে পাঠানো হয়েছে।

এর আগে মঙ্গলবার রাতে মাদক সেবনের অভিযোগে আলী আহমেদকে আটক করে পুলিশ। পরে তাঁর ডোপ টেস্টে মাদকের উপস্থিতি পাওয়া যায়।

এদিকে এ ঘটনার পর আলী আহমেদকে স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব পদসহ দলের সব পর্যায়ের পদ থেকে বহিষ্কার করা হয়েছে। দলের দপ্তর সম্পাদক আব্দুল্লাহ আল মামুন স্বাক্ষরিত এক বিবৃতিতে বহিষ্কারের বিষয়টি জানানো হয়।

LENS ASIA